

বিজ্ঞপ্তি সকল পরীক্ষার্থীকে
মনোযোগসহকারে পড়তে হবে।

অধ্যক্ষের কার্যালয়
সরকারি বিএম কলেজ, বরিশাল
বিজ্ঞপ্তি

ডিগ্রী (পাস) কোর্স ২য় বর্ষ

২০১৭ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের যাবতীয় কার্যক্রম On-Line এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ২য় বর্ষের আবেদন ফরম পূরণের শর্তাবলী ও বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হল:

ফরম পূরণের তারিখঃ ৩০/০৫/২০১৮ থেকে ২৩/০৬/২০১৮ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)

ফরম পূরণের জন্য নির্ধারিত ফি শিওর ক্যাশের মাধ্যমে ৩০/০৫/২০১৮ থেকে ২৩/০৬/২০১৮ তারিখ পর্যন্ত জমা দিতে পারবে।

ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নেই।

ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ফরমপূরণ সংক্রান্ত ওয়েব সাইট : www.nubd.info/degree-pass

১. পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর)

- ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৬ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২য় বর্ষের নির্ধারিত সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর) :

- ২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৫ ও ২০১৪ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৫ ও ২০১৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৬ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য Not Promoted হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ২য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২য় বর্ষের নির্ধারিত সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

গ) অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত :

- ২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৫ ও ২০১৪ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী যারা ২০১৬ ও ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্র/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্র/কোর্সে C গ্রেড ও D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দুটি কোর্স/পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) :

- ২০১৬ ও ২০১৫ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ যারা ২০১৬ ও ২০১৫ সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম ও ২য় পত্রে Promoted (উত্তীর্ণ) হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

২. অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/degree-pass এ Apply to online form Fillup (For Student)-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে কলেজ কর্তৃক ধার্যকৃত ফি রূপালী ব্যাংক শিওর ক্যাশের মাধ্যমে (৩০/০৫/২০১৮ থেকে ২৩/০৬/২০১৮ তারিখ পর্যন্ত) পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে কলেজ কি ওয়ার্ড GBMCD এ জমা দিতে হবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা আটকিয়ে জমা দিতে হবে।